NOV. 20 2001

দৈনিক সংবাদ

তারিখ ........
পৃষ্ঠা ৭৭ কলাম ৬ ......

## ছাত্রলীগের ৫ দফা মেনে নিলেন ঢা.বি উপাচার্য

# সকল বৈধ ছাত্রকে হলে ওঠানো ও বহিরাগতমুক্ত করার আশ্বাস

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ছাত্রলীগের দেয়া ১১ দফা দাবির মধ্যে বৈধ ছাত্রদের হলে ওঠানোসহ ৫টি দাবি আগামী ৭ দিনের মধ্যে পূরণ করা হবে বলে নতুন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী আশ্বাস দিয়েছেন। এর পরিপ্রেক্ষিতে ছাত্রলীগ তাদের কঠোর আন্দোলন কর্মসূচি শিথিল করার সিদ্ধান্ত নিয়েছে।

গতকাল সোমবার সকাল ১১টায় ভিসি অফিসে ছাত্রলীগের নেতাদের সাথে এক আলোচনা সভায় উপাচার্য এই আশ্বাস দিয়েছেন। উপাচার্য ছাড়াও কর্তৃপক্ষের মধ্যে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক জেড. এন তাহমিদা বেগম, প্রক্টর ড. নজরুল ইসলাম। ছাত্রলীগের ৬ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল যাওয়ার কথা থাকলেও ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারীর নেতৃত্বে আলোচনা সভায় ২২ জন ছাত্রলীগ নেতা উপস্থিত ছিলেন।

আশ্বাসকৃত ৫টি দাবির মধ্যে রয়েছে ৭ দিনের মধ্যে সকল বৈধ ছাত্রকে হলে তোলা, হলগুলো সম্পূর্ণ বহিরাগতমুক্ত করা, আহত ছাত্রলীগ নেতা-কর্মীদের ক্ষতিপূরণ, যেসব নেতা-কর্মী পরীক্ষা দিতে পারেনি তাদের পরীক্ষার ব্যবস্থা করা এবং ক্যাম্পাসে কোন সন্ত্রাসী ঘটনা ঘটলে প্রাধ্যক্ষ (হলে ঘটলে) ও প্রক্টর (ক্যাম্পাসে ঘটলে) নিজ উদ্যোগে মামলা করবেন।

এদিকে ছাত্রলীগ বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে এক প্রেস ব্রিফিংয়ে তাদের আন্দোলন কর্মসূচি শিথিল করা হবে বলে জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বাহাদুর বেপারী, মেজবাহুল হক সাচ্চু, বলরাম পোদ্দার, আ. মতিন, লিয়াকত শিকদার, রফিকুল ইসলাম, সাইফুদ্দিন নাসির, খালিদ মাহমুদ চৌধুরী, শাহ মোস্তফা আলমগীর, খান মঈনুল ইসলাম মোস্তাক, মাহফুজুর রহমান, বেগ শাহীন জাহান, এ. কে. আজিম প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, কঠোর আন্দোলন শিথিল করলেও আমরা ২০শে নভেম্বর দলীয় কার্যালয় থেকে প্রেসক্লাব পর্যন্ত মিছিল, ২২শে নভেম্বর সর্বস্তরের ছাত্রদের সাথে গণসংযোগ, ২৫শে নভেম্বর অন্য ছাত্র সংগঠনের সাথে মতবিনিময় সভা এবং ২৬শে নভেম্বর শিক্ষক, বুদ্ধিজীবী পেশাজীবীদের সাথে মতবিনিময় সভা করব।

উল্লেখ্য, ছাত্রলীগ গত ১৪ই নভেম্বর এ ৫টি দাবিসহ ১১টি দাবি দিয়ে কর্তৃপক্ষকে গতকাল সোমবার পর্যন্ত আলটিমেটাম দিয়েছিল।

ছাত্রলীগ উপাচার্যের সঙ্গে আলোচনার নামে দীর্ঘ ৩৯ দিন পর গতকাল ক্যাম্পাসে আসে। তারা উপাচার্যের সঙ্গে আলোচনাশেষে মধুর ক্যান্টিনে কিছুক্ষণ অবস্থান করে। ঐ সময় ছাত্রদলের নেতা-কর্মীরা ছাত্রলীগ সাধারণ সম্পাদক অজয় কর খোকনসহ কয়েকজন কেন্দ্রীয় নেতাকে উদ্দেশ উপাচার্য ঃ পৃঃ ২ কঃ ১

### উপাচার্য ঃ ছাত্রলীগ

(১২-এর পৃষ্ঠার পর)

করে গালিগালাজ করে। পরে ছাত্রলীগ নেতা-কর্মীরা ক্যাম্পাস ত্যাগ করে। [illegible] আজ মঙ্গলবার উপাচার্যের সঙ্গে আলোচনায় বসবেন বলে জানা গেছে।

এদিকে সকল অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক-বৃন্দের এক মতবিনিময় সভা গতকাল সোমবার ভিসি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে মতবিনিময় সভায় শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য সকলেই অঙ্গীকারবদ্ধ হন।